দৈনিক
ইত্তেফাক

তারিখ ৩১ OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৩

# রাবির এ ও জি ইউনিটের ফল প্রকাশ

■ রাবি সংবাদদাতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার এ (কলা অনুষদ) ও জি (কৃষি অনুষদ) ইউনিটের ফল প্রকাশ করা হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের ডীন কমপ্লেক্স ও ওয়েবসাইটে (ru.ac.bd) এ ফলাফল প্রকাশ করা হয়েছে। কলা অনুষদের ডীন অধ্যাপক ড. এফএমএএইচ তাকী বলেন, মেধাক্রমানুযায়ী বিজোড় রোল নম্বরধারীদের মধ্যে প্রথম ১৫২৪ জনকে আগামী ৬ নভেম্বর এবং জোড় রোল নম্বরধারীদের মধ্যে ১৫১০ জনকে আগামী ৭ নভেম্বর সাক্ষাৎকারের জন্য ডাকা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডীন কমপ্লেক্সে সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

তিনি আরো বলেন, ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা আগামী ৫ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ ও মমতাজউদ্দিন কলাভবনে অনুষ্ঠিত হবে। নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা আগামী ১ থেকে ৪ নভেম্বর অনুষ্ঠিত হবে। সংগীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা আগামী ১ থেকে ৩ নভেম্বর অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে প্রকাশ করা হবে।

কৃষি অনুষদের ডীন অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম বলেন, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রম অনুযায়ী প্রথম ৯৭৭ জনকে সাক্ষাৎকারের জন্য ডাকা হয়েছে। ২০ নভেম্বর এ সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।